

ফরম 'ছ'

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা ২০০৪ এর বিধি ১১১ দৃষ্টব্য]

গ্যাসাধারে এলপিজি পরিবহনের লাইসেন্সের আবেদন পত্র

- ১। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা :
- ২। যে যানে এলপিজি পরিবহন করা হইবে উহা যাহার নামে নিবন্ধিত তাহার নাম ও ঠিকানা :
- ৩। যে জলযানে/স্থলযানে এলপিজি পরিবহন করা হইবে উহার-
নাম :
নিবন্ধন নম্বর :
গ্রোসটন/ মোট ওজন :
নীট টন/ পরিবাহী ওজন :
প্রকোষ্ঠের সংখ্যা এবং প্রত্যেকটি প্রকোষ্ঠের প্রত্যায়িত ধারণ ক্ষমতা (লিটারে) :
- ৪। গ্যাসাধারের ধরন- :
[সাধারণ তাপীয় চাপের আধার/ নিম্নচাপ হিমায়িত আধার]
- ৫। জলযানে/স্থলযানে নিরাপত্তা চিহ্ন আছে কি না :
- ৬। অগ্নি-নির্বাণ সরঞ্জামাদির বর্ণনা :
- ৭। পরিবহনের সংবিধিবদ্ধ বিধানাবলী সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন চালক ও তত্ত্বাবধায়ক যানটিতে নিয়োজিত কি না :
- ৮। অন্য কোন তথ্য (যদি থাকে) :

আমি/ আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরের তথ্যাবলী যাচাই করা হইয়াছে এবং উহা সত্য। আমি/ আমরা অঙ্গীকার করিতেছি যে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং মঞ্জুরীতব্য লাইসেন্সের শর্ত পালন করিয়া উপরোক্ত যানে এলপিজি পরিবহন করিব। আমি/ আমরা অবহিত আছি যে, উক্ত আইন বা বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সের কোন শর্ত লংঘনকারী সর্বোচ্চ ১০ (দশ) বৎসর পর্যন্ত কারাদণ্ডে এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত হইবে।

তারিখ-----

দরখাস্তকারীর স্বাক্ষর।

টীকা : দরখাস্তের সহিত দাখিলতব্য কাগজপত্র -

- (১) বিধি ১১১ (৩) অনুযায়ী ৫ খানা নকশা ;
- (২) বিধি ১১১ (৯) অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানের ট্রেজারী চালান।